

নম্বর- ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১২.৯৯

তারিখঃ ০২ চৈত্র ১৪২৩  
১৬ মার্চ ২০১৭


পরিপত্র

বিষয়ঃ জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণ।

জাতীয় পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসমূহে, বিশেষত যে সকল অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি কিংবা মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকেন সে সকল অনুষ্ঠানে ঢাকায় অবস্থানরত আমন্ত্রিত সকল সরকারি কর্মকর্তার উপস্থিতি আবশ্যিক। ঢাকায় অবস্থানরত কোনও আমন্ত্রিত কর্মকর্তা অসুস্থতা কিংবা অন্য কোনও জরুরি সরকারি কাজে ব্যস্ত থাকার কারণে উপর্যুক্ত অনুষ্ঠানসমূহে উপস্থিত থাকতে অপারগ হলে পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগের অনুমতি গ্রহণ বাধ্যতামূলক। জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠানসমূহের কার্যকর ব্যবস্থাপনা ও আসন বিন্যাসের সুবিধার্থে অনুষ্ঠানের ন্যূনতম একদিন পূর্বেই আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি/অনুপস্থিতির বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে আবশ্যিকভাবে জানানোর নির্দেশনাও রয়েছে।

২। এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ নভেম্বর ২০১১ তারিখের ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১০-৩৬০ এবং ২৯ মার্চ ২০১২ তারিখের ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১০-১১৫ সংখ্যক পরিপত্রদ্বয় যথাযথভাবে অনুসরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হল।

৩। উপর্যুক্ত সিদ্ধান্ত তীর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং কার্যকর বাস্তবায়নে সক্রিয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হল।

  
(মোঃ আবদুল ওয়াদুদ)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি)  
ফোন: ৯৫১৪৩৮৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. বিজ্ঞ এটর্নি জেনারেল, এটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
৩. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ঢাকা।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়।
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
৭. রেজিস্ট্রার জেনারেল, সুপ্রিম কোর্ট, ঢাকা।
৮. সচিব, কমিশন, ঢাকা।

মহাস্বাস্থ্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

জারী নং- ৭৩২	তারিখঃ ২০/৩/১৭
সংখ্যা	১/২/১/৪
উপস্থিত	
বিষয়	

মহাস্বাস্থ্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সচিবের দপ্তর	
তারিখ নং: ৫৪২	তারিখ: ২০/৩/১৭
অতিরিক্ত সচিব (প্রশাসন/মন্ত্রণালয়/বিভাগ)	<input type="checkbox"/> সচিবের ব্যবস্থা দিন
মুদ্রাসচিব (প্রশাসন/মন্ত্রণালয়/বিভাগ)	<input checked="" type="checkbox"/> প্রায়োগিক ব্যবস্থা দিন
মুদ্রাসচিব (বাবড়ক ও মেসিড)/মুদ্রাসচিব	<input type="checkbox"/> উপস্থাপন করুন
উপসচিব (.....)/উপসচিব	<input type="checkbox"/> আলোচনা করুন
সচিবের একান্ত সচিব	<input type="checkbox"/> মন্ত্রণালয়/মন্ত্রণালয় দিন
স্বাক্ষর	